দৈনিক ইত্তেফাক

তারিখ ... 15 NOV. 1998 ...
পৃষ্ঠা: ৭ কলাম ... ২ ...

# সরকার শিক্ষাখাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়াছে
## প্রধানমন্ত্রী

বাসস ॥ সেভেনথ ডে এডভেন্টিষ্ট চার্চের ৮ সদস্যের একটি দল গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে তাহার সরকারী বাস বভন গণভবনে সাক্ষাৎ করেন। দলের নেতৃত্ব দেন এলডার ফলকেনবার্গ। দলটি বাংলাদেশে তাহাদের কর্মকান্ড বিশেষ করিয়া শিক্ষাখাতের কর্মসূচী সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। তাহারা বলেন, তাহাদের সংগঠন বাংলাদেশে শিক্ষার উপর জোর দিয়াছে। তাহারা জানান যে, ৩০ কোটি টাকা ব্যয়ে ২ শত স্কুল নির্মাণ করিয়াছে। তাহারা আরও জানান যে, গাজীপুরের কালিয়াকৈরে একটি এডভেন্টিষ্ট ইউনিভার্সিটি এন্ড এ সেমিনারী স্থাপন করিয়াছে। বিশ্ববিদ্যালয়টি বিভিন্ন বিষয়ে শিক্ষা দিয়া থাকে।

প্রধানমন্ত্রী বলেন, তাহার সরকার

(১৫শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(১ম পৃঃ পর)

শিক্ষাখাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়াছে। বাজেটে সর্বাধিক বরাদ্দ রাখা হইয়াছে শিক্ষাখাতের জন্য। ফলকেনবার্গ প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ৫ লক্ষ টাকার একটি চেক হস্তান্তর করেন। তিনি বন্যা পরিস্থিতি সাফল্যজনকভাবে মোকাবিলা করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানান। এ সময় রহমত আলী এমপি উপস্থিত ছিলেন।